

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্মবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৩৫/২০১৬

তারিখ : ২৮/০৬/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর স্মারক নং-১৭(৩) শঃ নীঃ ও বাঃ/২০০৭/৩১৩, তারিখ : ২৭/০৬/২০১৬ সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-১৭(৩)শঃ নীঃ ও বাঃ/২০০৭/৩১৩

তারিখ- ২৭/০৬/২০১৬

বিষয় : ঈদের ছুটির সময়ে কাস্টম হাউস, ঢাকা, চট্টগ্রাম, আইসিডি কমলাপুর, মংলা, বেনাপোল খোলা রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দেশের আমদানি ও রপ্তানি বাণিজ্য সচল রাখার লক্ষ্যে আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে আগামী ১ জুলাই ২০১৬ হতে ৯ জুলাই ২০১৬ পর্যন্ত সাপ্তাহিক ছুটিসহ ঈদ ছুটির সময় ঈদের দিন এবং ৮ এবং ৯ জুলাই-এ ৩ দিন ব্যতীত অপরোপর দিন কাস্টম হাউস চট্টগ্রাম, কাস্টম হাউস, আইসিডি কমলাপুর, কাস্টম হাউস ঢাকা, কাস্টম হাউস মংলা, কাস্টম হাউস বেনাপোল ও কাস্টম হাউস পানগাঁও, ঢাকা এবং বন্ড কমিশনারেট খোলা থাকবে। একই উদ্দেশ্যে একই সাথে এসব শুক্ক স্টেশন সংশ্লিষ্ট বন্দর, ব্যাংক ও অন্যান্য অত্যাবশ্যিক স্টেকহোল্ডিং প্রতিষ্ঠানও খোলা রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, ৭ জুলাই সন্ধ্যা ৭ (সাত) টা হতে ৯ জুলাই সন্ধ্যা ৭ (সাত) টা পর্যন্ত (মোট ৪৮ ঘন্টা) এ্যাসাইকুডা ওয়ার্ল্ড এর আপথ্রেডেশন কাজ চলবে বিধায় ঐ সময়ে বাংলাদেশের সকল কাস্টম হাউস/স্টেশন বন্ধ থাকবে। তবে ঐ সময়ে অতীব জরুরী রপ্তানির কাজ ম্যানুয়ালি করার ব্যবস্থা থাকবে।

২। উপরোক্ত লক্ষ্যে বর্ণিত সময়ে তাঁর দপ্তরের সকল শাখা খোলা রাখা এবং কর্মকর্তা-কর্মচারী ও স্টেকহোল্ডারদের অবহিতকরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা/পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে সকল কমিশনারকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ বিবেচ্য।

স্বাক্ষরিত/-
(মোঃ ফরিদ উদ্দিন)

সদস্য গ্রেড-১ (কাস্টমস: নীতি)